গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

# মুজিব কিল্লা ব্যবস্থাপনা নির্দেশিকা

## ১। পটভূমি

বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগপ্রবণ দেশ। প্রতি বছর এ দেশের মানুষ বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, নদীভাঙন প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হয়। ১৯৭০ সালে এ দেশের উপকূলীয় অঞ্চলে স্মরণকালের ভয়াবহ ঘূর্ণিঝড় আঘাত হানে। এ ঘূর্ণিঝড়ে প্রায় ১০ লক্ষ মানুষ, কয়েক লক্ষ প্রাণীসম্পদের প্রাণহানি ঘটে এবং বিপুল সম্পদের ক্ষয়ক্ষতি হয়। এই ভয়াবহ দুর্যোগ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মনে গভীর রেখাপাত করে। এতে তিনি অত্যন্ত ব্যথিত হন। এরই পরিপ্রেক্ষিতে স্বাধীনতার অব্যবহিত পরে তিনি বন্যা, ঘূর্ণিঝড়, নদী ভাঙনকবলিত মানুষ ও তাদের সহায়-সম্পদ রক্ষার্থে মাটির কিল্লা নির্মাণের উদ্যোগ গ্রহণ করেন। অতঃপর জাতির পিতার নির্দেশনায় স্থানীয়ভাবে নির্মিত মাটির কিল্লা/টিলাসমূহ সর্বসাধারণের কাছে 'মুজিব কিল্লা' নামে পরিচিতি পায়। কিন্তু দীর্ঘদিন রক্ষণাবেক্ষণের অভাবে উক্ত 'কিল্লাসমূহ' ক্ষতিগ্রস্ত ও বেদখল হয়ে যায়। বর্তমান সরকার বর্ণিত কিল্লাসমূহের সংস্কার, আধুনিকায়ন ও উন্নয়নের পাশাপাশি উপকূলীয় এলাকা ও বন্যাপ্রবণ এলাকায় পর্যাপ্ত আশ্রয়কেন্দ্র না থাকায় প্রয়োজনীয় সংখ্যক নতুন কিল্লা নির্মাণের লক্ষ্যে 'মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন' প্রকল্প গ্রহণ করেছে।

### ১.২ উদ্দেশ্য

- দুর্যোগকালে কিল্লার আশেপাশের জনসাধারণ এবং তাদের মূল্যবান দ্রব্য-সামগ্রী রক্ষা;
- দুর্যোগের সময় গৃহপালিত প্রাণীদের নিরাপদ আশ্রয় নিশ্চিতকরণ;
- স্বাভাবিক সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা এবং খেলার মাঠ ও হাট-বাজার হিসেবে ব্যবহার;
- গ্রাম ও ইউনিয়ন কমিউনিটি কর্তৃক বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের এবং বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের বৈঠক/সভার ভেন্যু হিসেবে ব্যবহার;
- বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কার্যক্রমের জন্য ব্যবহার; এবং
- দুর্যোগপূর্ব/দুর্যোগকালীন/দুর্যোগ-উত্তর সময়ে অস্থায়ী সেবাকেন্দ্র হিসেবে ব্যবহার।

### ১.৩ মুজিব কিল্লার শ্রেণিবিন্যাস

**ক্যাটাগরি এঃ** এটি একতলাবিশিষ্ট মুজিব কিল্লা, যার প্রতিটি শেডের আয়তন (১২০ x ৫০) = ৬,০০০ বর্গফুট। এই ক্যাটাগরির মুজিব কিল্লায় ৪,০০০ বর্গফুট ক্যাটল শেড এবং ২,০০০ বর্গফুট আয়তনবিশিষ্ট কমিউনিটি স্পেস রয়েছে। এখানে মোট জায়গার পরিমাণ ৪৩,২০০ বর্গফুট বা ৯৯ শতাংশ।

**ক্যাটাগরি বিঃ** এটি একতলাবিশিষ্ট মুজিব কিল্লা, যার প্রতিটিতে শেডের আয়তন (১৬০ x ৫০) = ৮,০০০ বর্গফুট। এই ক্যাটাগরির মুজিব কিল্লায় ৬,০০০ বর্গফুট ক্যাটল শেড এবং ২,০০০ বর্গফুট আয়তনবিশিষ্ট কমিউনিটি স্পেস রয়েছে। এখানে মোট জায়গার পরিমাণ ৫০,৪০০ বর্গফুট বা ১১৬ শতাংশ।

এবং

**ক্যাটাগরি সিঃ** এতে ক্যাটল শেড ও কমিউনিটি স্পেস ছাড়াও রয়েছে একটি তিনতলাবিশিষ্ট সেন্টার ভবন যার প্রতিটির আয়তন (৩ x ৩১০০) = ৯,৩০০ বর্গফুট এবং প্রতিটি ক্যাটল শেডের আয়তন (১৬০ x ৫০) = ৮,০০০ বর্গফুট বিশিষ্ট কমিউনিটি স্পেস রয়েছে। এখানে মোট জায়গার পরিমাণ ৮১,২০০ বর্গফুট বা ১৮৫ শতাংশ।

## ২। নির্মিত মুজিব কিল্লা হস্তান্তর

ক) মুজিব কিল্লা নির্মাণের পর প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী উপজেলা নির্বাহী অফিসারের নিকট তা হস্তান্তর করবেন।

খ) উপজেলা নির্বাহী অফিসার মুজিব কিল্লা বুঝে নেওয়ার পর দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক সরকার নির্ধারিত মূল্যমানের টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমঝোতা স্মারক (Memorendum of Understanding) স্বাক্ষর করবেন (সংলগ্নী- 'ক')।

গ) প্রকল্প পরিচালক প্রতিটি মুজিব কিল্লা হস্তান্তরের চুক্তির দলিলের অনুলিপি মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর নিকট দাখিল করবেন।

ঘ) মুজিব কিল্লা শিক্ষা প্রতিষ্ঠানে নির্মিত হলে তা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির নিকট চুক্তি সম্পাদনের মাধ্যমে ব্যবহারের জন্য সাময়িকভাবে হস্তান্তর করবেন (সংলগ্নী- 'খ')।

## ৩। মুজিব কিল্লাসমূহের ব্যবস্থাপনা

নির্ধারিত কমিটির মাধ্যমে মুজিব কিল্লাসমূহ ব্যবস্থাপনা করা হবে।

### ৩.১.০ উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি

উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি এর গঠন নিম্নরূপ-

| ক্র. নং | কর্মকর্তার পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | সদস্য |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| ০৬ | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ০৭ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য |

2
seen

| | | |
|---|---|---|
| ১৩ | সহকারী/উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১৪ | উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৬ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | সদস্য |
| ১৭ | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ১৮ | সংশ্লিষ্ট ওয়ার্ড ইউপি সদস্য | সদস্য |
| ১৯ | সংশ্লিষ্ট সংরক্ষিত মহিলা ইউপি সদস্য | সদস্য |
| ২০ | সহকারী পরিচালক/উপজেলা টিম লিডার, সিপিপি (যদি থাকে) | সদস্য |
| ২১ | রেড ক্রিসেন্ট/বিএনসিসি/স্কাউটের প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২ | এনজিও প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য-সচিব |

৩.১.১ উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনে অনধিক ০২ (দুই) জন নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩.১.২ বিশেষ প্রয়োজনে উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মধ্য হতে সাব-কমিটি গঠন করা যাবে।

### ৩.১.৩ উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটির কার্য-পরিধি (ToR)

ক) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক ঘূর্ণিঝড়ের সতর্ক সংকেত/বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের বন্যার প্রাথমিক পূর্বাভাস প্রদানের সঙ্গে সঙ্গে মুজিব কিল্লাসমূহ উন্মুক্ত রাখার ব্যবস্থা করা; এছাড়া পয়ঃনিষ্কাশন ও নিরাপদ পানীয় জলের ব্যবস্থা নিশ্চিত করাসহ ব্যবহার উপযোগী করা।

খ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আশ্রয় গ্রহণের নির্দেশনা জারির সঙ্গে সঙ্গে বিপদাপন্ন জনগোষ্ঠী ও প্রাণীসম্পদ মুজিব কিল্লায় নিয়ে আসার ব্যবস্থা করা।

গ) আবহাওয়া/দুর্যোগ পরিস্থিতি স্বাভাবিক হওয়ার সাথে সাথে আশ্রয়গ্রহণকারীগণকে প্রাণিসম্পদসহ নিজ-নিজ বাড়ীতে ফিরে যেতে সহায়তা করা।

ঘ) জনগণ মুজিব কিল্লা ত্যাগ করার পর কিল্লার সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং প্রয়োজনে মেরামতের কাজ সম্পন্ন করা।

ঙ) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক এ নির্দেশিকার ৪ নং অনুচ্ছেদের অধীনে মুজিব কিল্লার ব্যবহার সংক্রান্ত কোনো দায়িত্ব অর্পণ করা হলে তা প্রতিপালন করা।

চ) সরকার কর্তৃক প্রদত্ত এ সংক্রান্ত অন্যান্য দায়িত্ব পালন করা।

### ৩.২.০ মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি

**প্রতিটি মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি এর গঠন হবে নিম্নরূপ:**

| ক্র. নং | কর্মকর্তার পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট ইউপি ওয়ার্ড সদস্য (পদাধিকার বলে) | সভাপতি |
| ০২ | স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৩ | সংশ্লিষ্ট ওয়ার্ডে কর্মরত একজন স্বাস্থ্য কর্মী/সমাজকর্মী/আনসার-ভিডিপি সদস্য/এনজিও কর্মী (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৪ | একজন গণ্যমান্য ব্যক্তি/দাতা সদস্য (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৫ | সিপিপি সদস্য (যদি থাকে)/ একজন স্বেচ্ছাসেবক (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |

৩.২.১ মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনে অনধিক ০২ (দুই) জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৩.২.২ মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটির কার্য-পরিধি (ToR)**

উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটির নির্দেশনা অনুসরণপূর্বক সংশ্লিষ্ট মুজিব কিল্লার ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ তদারক করা।

**৪.১.০ মুজিব কিল্লা ব্যবস্থাপনায় জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব**

৪.১.১ জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি জেলাধীন মুজিব কিল্লাসমূহের প্রয়োজনীয় ব্যবস্থাপনা ও তদারকি সংক্রান্তে দায়িত্ব পালন করবে।

৪.১.২ কোনো মুজিব কিল্লা ব্যবস্থাপনা সংক্রান্তে অভিযোগ উপস্থাপিত হলে এবং তা উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিষ্পত্তিযোগ্য না হলে কিংবা নিষ্পত্তি করা না গেলে জেলা দুর্যোগ কমিটি তা নিষ্পত্তি করবে। এক্ষেত্রে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

৪.১.৩ অতঃপর উক্তরূপে নিষ্পত্তির বিষয়টি জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-কে অবহিত করবে।

## ৫। মুজিব কিল্লার ব্যবহার, মেরামত ও রক্ষণাবেক্ষণ

ক) বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রশিক্ষণের ভেন্যু হিসেবে মুজিব কিল্লা ভাড়ার বিষয়ে ব্যবহার করা যাবে।

খ) মুজিব কিল্লাসমূহ উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বিবাহ অনুষ্ঠান, সভা, সামাজিক অনুষ্ঠান ইত্যাদি কাজে ব্যবহার করা যাবে।

গ) মুজিব কিল্লাগুলোর ছোট-খাটো মেরামতের জন্য ‘ঙ’-তে বর্ণিত উৎস থেকে আদায়কৃত ভাড়া হতে ‘মুজিব কিল্লা ব্যবস্থাপনা’ নামে তফশিলি ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলে জমা রাখতে হবে। উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটির পূর্বানুমোদনক্রমে যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে এ ব্যাংক হিসাব হতে অর্থ উত্তোলন ও খরচ করা যাবে।

ঘ) মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের স্বাক্ষরে প্রস্তুতকৃত রশিদের মাধ্যমে মুজিব কিল্লার ভাড়া আদায় করতে হবে। আদায়কৃত অর্থ ক্যাশ বহিতে হিসাবভুক্ত করতে হবে।

ঙ) সংগৃহীত অর্থ মুজিব কিল্লাসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় এবং কেয়ারটেকারের পারিশ্রমিক প্রদান করা ছাড়া কোনোভাবেই অন্য কোনো খাতে খরচ করা যাবে না।

চ) অডিটের জন্য হিসাব বহি ও রশিদের মুড়ি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার তত্ত্বাবধানে সংরক্ষণ করতে হবে।

ছ) স্বাভাবিক সময়ে ব্যবহারকারী ব্যক্তি বা সংস্থা যে কাজেই মুজিব কিল্লা ব্যবহার করুন না কেন, জরুরি দুর্যোগকালীন এর ব্যবহার উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি স্থির করবে। দুর্যোগের সময়ে কিল্লার ব্যবহার বিষয়ে উপজেলা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলির (SOD) ভিত্তিতে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সমন্বয় সাধন করবে।

জ) উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি প্রতিটি মুজিব কিল্লার রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক নিয়োগ দিতে পারবে এবং তার ব্যয়ভার সংশ্লিষ্ট মুজিব কিল্লার আয়



Seen

থেকে বহন করতে হবে। সংশ্লিষ্ট মুজিব কিল্লার আর্থিক সংস্থান না থাকলে কিংবা প্রয়োজনের তুলনায় কম হলে কমিটি অন্যান্য উৎস হতে অর্জিত অর্থ দ্বারা ব্যয়ভার মিটাতে পারবে।

ঝ) স্বাস্থ্যসেবা বিষয়ক কেন্দ্র হিসেবে সাময়িকভাবে মুজিব কিল্লাসমূহ ভাড়ার বিনিময়ে কিংবা বিনা ভাড়ায় ব্যবহার করা যেতে পারে।

ট) (১) কোনো মুজিব কিল্লা ব্যবহার-অনুপযোগী এবং মেরামত-অযোগ্য হয়ে পড়লে উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির নিকট বিধি মোতাবেক পরিত্যাক্ত ঘোষণা করে নিলামে বিক্রয়ের জন্য অনুরোধ জানাবে।

(২) জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এ ধরনের প্রস্তাব যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশসহ অনুমোদনের নিমিত্তে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় উক্ত সুপারিশ বিবেচনাপূর্বক নিলাম বিক্রয়ের প্রয়োজনীয় অনুমোদন দিবে।

(৩) মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর উপজেলা মুজিব কিল্লা ব্যবস্থাপনা কমিটি যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে নিলামে বিক্রয়ের ব্যবস্থা করবে এবং বিক্রয়লব্ধ অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি খাতে জমা প্রদান করবে।

## ৫। বিবিধ

(১) বাস্তব অবস্থার নিরিখে এ নীতিমালার পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের প্রয়োজন হলে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সার্কুলারের মাধ্যমে তা সম্পন্ন করবে।

(২) মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন সংক্রান্ত সকল তথ্য-উপাত্ত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সংরক্ষণ করবে।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক (গ্রেড-১)



Seen

সংলগ্নী-১

# মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প

## অর্পণ ও গ্রহণ বিষয়ক সমঝোতা স্মারক

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের অধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্ত্বাবধানে মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ২০২------২০২-------- অর্থ বছরে ------------------------ জেলার------------------------উপজেলায় নিম্নে উল্লেখিত নবনির্মিত মুজিব কিল্লাটি অদ্য ..../..../.... তারিখে উপজেলা প্রশাসন ও বাস্তবায়নকারী সংস্থা 'মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প' এর মধ্যে নিম্নোক্ত শর্তে হস্তান্তর ও গ্রহণপূর্বক ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সমঝোতা স্মারকটি স্বাক্ষর করা হলো।

১। মুজিব কিল্লা প্রকল্পের নাম: ------------------------------------------------------------------------------।

২। হস্তান্তরের তারিখ: --------/------/-------

৩। হস্তান্তরকারী ও ভবনটির মালিকানা সংরক্ষণকারী কর্তৃপক্ষ: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়।

৪। গ্রহণকারী কর্তৃপক্ষ : উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা- জেলা-

সংলগ্নী-১

<u>নির্মিত মুজিব কিল্লা প্রকল্পের গ্রহণ ও হস্তান্তরের চুক্তিপত্র</u>

১। মুজিব কিল্লা প্রকল্পের নাম :

২। হস্তান্তরের তারিখ :

৩। হস্তান্তরকারী কর্তৃপক্ষ :

৪। গ্রহণকারী কর্তৃপক্ষ :

৫। <u>হস্তান্তরের শর্তাবলীঃ</u>

ক) গ্রহণকারী ও ব্যবহারকারী প্রতিষ্ঠান ভবনটি ব্যবহার করবে এবং ভবনের যাবতীয় রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবে।

খ) দুর্যোগকালে প্রয়োজন হওয়ার সাথে সাথে মুজিব কিল্লা দুর্যোগ কবলিত মানুষের জন্য উন্মুক্ত করে দিতে হবে।

গ) দুর্যোগ শেষে আশ্রয় গ্রহণকারীগণ মুজিব কিল্লা ছেড়ে চলে গেলে কমিউনিটি শেড পরিস্কার করনসহ যাবতীয় রক্ষণাবেক্ষণ কাজ গ্রহনকারী/ব্যবহারকারী প্রতিষ্ঠানকে করতে হবে।

ঘ) মুজিব কিল্লাটির নিচতলা কমিউনিটি সেন্টার হিসাবে ভাড়া দেয়া যাবে। ভাড়া হিসাবে প্রাপ্ত আয় গ্রহণকারী/ব্যবহারকারী প্রতিষ্ঠানের হিসাবে জমা হবে এবং ভবনের রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় করা যাবে।

ঙ) উপজেলা পরিষদ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার মাধ্যমে মুজিব কিল্লা প্রকল্পের যাবতীয় কর্মকান্ড তদারকি করবে।

চ) মুজিব কিল্লাটির নিচ তলায় কোন রকম স্থায়ী দেয়াল নির্মাণ করা যাবে না এবং ডিজাইনের কোন পরিবর্তন করা যাবে না।

| <u>গ্রহণকারী প্রতিষ্ঠানের স্বাক্ষর</u> | <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার স্বাক্ষর</u> | <u>উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর</u> |
|---|---|---|
| নামঃ | নামঃ | নামঃ |
| পদবীঃ | পদবীঃ | পদবীঃ |

## নিম্নোক্ত শর্তে নব-নির্মিত মুজিব কিল্লাটি গ্রহণ ও হস্তান্তর করা হলো:

ক) উপজেলা নির্বাহী অফিসার মুজিব কিল্লাটি 'মুজিব কিল্লা ব্যবস্থাপনা নির্দেশিকা' মোতাবেক ব্যবহার নিশ্চিত করবেন এবং কিল্লার যাবতীয় রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবেন।

খ) দুর্যোগকালে প্রয়োজন হওয়ার সাথে সাথে মুজিব কিল্লাটি দুর্যোগ কবলিত মানুষের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দিতে হবে।

গ) দুর্যোগ শেষে আশ্রয় গ্রহণকারীগণ মুজিব কিল্লা ছেড়ে চলে গেলে কিল্লাটি পরিষ্কারকরণসহ যাবতীয় রক্ষণাবেক্ষণ কাজ গ্রহণকারী/ব্যবহারকারী প্রতিষ্ঠানকে করতে হবে।

ঘ) মুজিব কিল্লার নিচ তলা 'মুজিব কিল্লা ব্যবস্থাপনা নির্দেশিকা' মোতাবেক ভাড়া দেয়া যাবে। ভাড়া হিসাবে প্রাপ্ত আয় ব্যবস্থাপনা নির্দেশিকা' মোতাবেক সংশ্লিষ্ট হিসাবে জমা হবে এবং ভবনের রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় করতে হবে।

ঙ) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার মাধ্যমে 'মুজিব কিল্লা ব্যবস্থাপনা নির্দেশিকা' মোতাবেক যাবতীয় কর্মকাণ্ড তদারকি করবে।

চ) মুজিব কিল্লার নবনির্মিত ভবনে কোন রকম স্থায়ী দেয়াল নির্মাণ করা যাবে না এবং ডিজাইনের কোনো পরিবর্তন করা যাবে না।

অর্পণ/হস্তান্তরকারী-

সহকারী প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প পরিচালক
পক্ষে
মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প

গ্রহণকারী-

উপজেলা নির্বাহী অফিসার
পক্ষে
উপজেলা প্রশাসন, উপজেলা-
জেলা-